



বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন  
শিল্প মন্ত্রণালয়  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কৃষি ও খাদ্য বিভাগ (প্রধান কার্যালয়)  
www.bsti.gov.bd  
মান ভবন, ১১৬/ক, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।



স্মারক নম্বর: ৩৬.০৫.০০০০.২০৫.১২.৫০৮.২২.৩২

২০ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ  
তারিখ: ০৪ মার্চ ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়: বিএসটিআই'র টেকনিক্যাল কমিটি কর্তৃক প্রাথমিকভাবে অনুমোদিত খসড়া অ্যামেন্ডমেন্ট/আন্তর্জাতিক মান অ্যাডপশনের বিষয়ে মতামত  
আহ্বান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, বিএসটিআই কর্তৃক জাতীয় মান প্রণয়ন/রিভিউ-এর লক্ষ্যে গঠিত সংশ্লিষ্ট টেকনিক্যাল কমিটি কর্তৃক 'BDS 2015:2023 Virgin Coconut Oil' মানটি অ্যামেন্ডমেন্টের লক্ষ্যে একটি খসড়া প্রাথমিকভাবে অনুমোদিত হয়েছে।


২। পাশাপাশি নিম্নবর্ণিত ০৭ (সাত) টি আন্তর্জাতিক মানের হালনাগাদ সংস্করণ identically adopt করার জন্য প্রাথমিকভাবে অনুমোদন করা হয়েছে:

1. ISO 6320:2017 Animal and vegetables fats and oils – Determination of refractive index
2. ISO 6883:2017 Animal and vegetables fats and oils – Determination of conventional mass per volume (litre weight in air)
3. ISO 11053:2009 Vegetables fats and oils – Determination of cocoa butter equivalents in milk chocolate
4. ISO 15305:1998 Animal and vegetable fats and oils - Determination of Lovibond colour
5. ISO 18609:2000 Animal and vegetables fats and oils – Determination of unsaponifiable matter– Method using hexane extraction
6. ISO 23275-1:2006 Animal and vegetables fats and oils – Cocoa butter equivalents in cocoa butter and plain chocolate – Part-1: Determination of the presence of cocoa butter equivalents
7. ISO 23275-2:2006 Animal and vegetables fats and oils – Cocoa butter equivalents in cocoa butter and plain chocolate – Part-2: Quantification of cocoa butter equivalents

৩। প্রাথমিকভাবে অনুমোদিত ও অ্যামেন্ডমেন্টের লক্ষ্যে প্রণীত খসড়া এবং অ্যাডপশনের লক্ষ্যে প্রস্তাবিত আন্তর্জাতিক মানসমূহ বাংলাদেশ জাতীয় মান হিসেবে চূড়ান্তভাবে অনুমোদনের পূর্বে আপনার প্রতিষ্ঠানের মতামত আহ্বান করা যাচ্ছে। সে লক্ষ্যে বিবেচ্য মানসমূহের কপি এতদসঙ্গে যুক্ত করা হলো।

৪। এমতাবস্থায়, প্রস্তাবিত খসড়া/আন্তর্জাতিক মানসমূহ অ্যাডপশনের বিষয়ে মতামত (যদি থাকে) যৌক্তিকতা উল্লেখপূর্বক আগামী ০৪ মে ২০২৪ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য অনুরোধ করা হলো। নির্ধারিত সময়ের মধ্যে কোনরূপ মতামত না পাওয়া গেলে খসড়া অ্যামেন্ডমেন্ট/আন্তর্জাতিক মান অ্যাডপশনের বিষয়ে সম্মত রয়েছেন মর্মে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে।

জাতীয় মান প্রণয়নে সকলের সহযোগিতা একান্তভাবে কাম্য।



০৪-০৩-২০২৪

এনামুল হক  
উপপরিচালক

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

- ১। চেয়ারম্যান, চেয়ারম্যানের দপ্তর, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ;
- ২। নির্বাহী চেয়ারম্যান, নির্বাহী চেয়ারম্যানের দপ্তর, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল;
- ৩। মহাপরিচালক (গ্রেড-১), মহাপরিচালকের দপ্তর, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট;
- ৪। মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর;
- ৫। পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), পরিচালকের দপ্তর, আইএফএসটি, ঢাকা, বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ;
- ৬। পরিচালক, ন্যাশনাল ফুড স্কেফটি ল্যাবরেটরি, জনস্বাস্থ্য ইনস্টিটিউট;
- ৭। পরিচালক, তৈলবীজ গবেষণা কেন্দ্র, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট;
- ৮। সভাপতি, এফবিবিসিসিআই, মতিঝিল, ঢাকা;
- ৯। সভাপতি, কনজুমার এসোসিয়েশন অব বাংলাদেশ (ক্যাব), সেগুনবাগিচা, ঢাকা;
- ১০। পরিচালক, সিএম উইং, বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন;
- ১১। পরিচালক, রসায়ন পরীক্ষণ উইং, বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন;
- ১২। পরিচালক/অফিস প্রধান, বিএসটিআই বিভাগীয়/জেলা অফিস;
- ১৩। প্রোগ্রামার, আইসিটি সেল, বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন;
- ১৪। বিভাগীয়/টেকনিক্যাল কমিটির সংশ্লিষ্ট সদস্যবৃন্দ এবং
- ১৫। সংশ্লিষ্ট সকল স্টেকহোল্ডার।



০৪-০৩-২০২৪

মোঃ লিটন মিয়া  
পরীক্ষক